গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০১.২০১৮-২২০

তারিখঃ ১০ আষাঢ় ১৪২৫
২৪ জুন ২০১৮

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০ জুন, ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৮-০৬-২০১৮ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh/NikoshBan font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) এবং পেনড্রাইভে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

২৪/০৬/২০১৮

(শরীফ মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ....................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ...................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব/উপপ্রধান......................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব ...................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১-২),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১১। সহকারী সচিব......................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির মে ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১০ জুন ২০১৮, সকাল ১০.৩০ মিনিট।
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মহন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। চলমান প্রকল্পসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম যথাসময়ে, সুষ্ঠু ও মানসম্মতভাবে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ করেন। অত:পর সভাপতি এর নির্দেশক্রমে অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিতভাবে পর্যায়ক্রমে অধিদপ্তরওয়ারী উপস্থাপন করেন।

২। ১৩ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ২.১ | গত সভার (এপ্রিল ২০১৮) কার্যবিবরণী নিশ্চিতকরণ | এপ্রিল ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। | |

| আলোচ্যসূচি | | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক্র ন: | অধিদপ্তরের নাম | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা | | |
| ২.২ | কারা অধিদপ্তর (প্রতিশ্রুতি-১০টি) | প্রতিশ্রুতি-০১: বন্দিদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ হতে মজুরী প্রদানের ব্যবস্থা করা। | বাস্তবায়িত। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/পরিকল্পনা কোষ/উপসচিব (বাজেট-১)। |
| | | প্রতিশ্রুতি -০২: কারা কর্মচারিদের ছেলে-মেয়েদের জন্য স্কুল বাস প্রদান করা হবে, প্রয়োজনে নতুন স্কুল নির্মাণ। | • গত ১০-৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৩ : সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি | • এ বিষয়ে কারা অধিদপ্তর হতে নিয়োগ বিধি সংশোধনপূর্বক পুন: প্রস্তাব প্রেরণকরা;<br>• কারাগারের ধারণ ক্ষমতা অনুযায়ী ক্যাটাগরি করে জনবল বৃদ্ধির প্রস্তাব চূড়ান্ত করা;<br>• কারা অধিদপ্তর হতে প্রেরিত ১৩৫ সংখ্যক অতিরিক্ত কর্মকর্তা/কর্মচারীর পদ সৃষ্টির প্রস্তাব গঠিত কমিটি কর্তৃক দ্রুত পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৪ : কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | • কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য দ্রুত ডিপিপি পুনর্গঠন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গত ০৮.৫.১৮ তারিখে গঠিত কমিটি সরেজমিনে বঙ্গবন্ধু কারা একাডেমি, কেরাণীগঞ্জ প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন। | | |
| | | প্রতিশ্রুতি-৫ : কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারী ও সর্ব সাধারণের জন্য ২০০-২৫০ শয্যার হাসপাতাল স্থাপন। | • হাসপাতাল স্থাপনের জন্য প্রণীত ডিপিপি পুনর্গঠনপূর্বক দ্রুত চূড়ান্ত করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৬ : কারারক্ষীদের বিশেষ করে মহিলা কারারক্ষীদের থাকার ভাল ব্যবস্থা করতে হবে। | • যে সকল কারাগারের কাজ এখনো শুরু হয়নি তা দ্রুততার সাথে আরম্ভ করা;<br>• সকল কারাগারে বিশেষ করে নতুন প্রকল্পের আওতায় মহিলা কারারক্ষীদের একই রকম আবাসিক সুযোগ-সুবিধা নিশ্চিত করা;<br>• বাস্তবায়নাধীন প্রকল্প যথা সময়ে বাস্তবায়ন নিশ্চিত করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৭ : কারাগারকে বন্দিশালা নয় শোধনাগারে পরিবর্তন করার পদক্ষেপ গ্রহণ করা হবে। | কারাগারকে বন্দিশালা নয় শোধনাগারে পরিবর্তন করার লক্ষ্যে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা:<br>• কারা অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করা;<br>• এ বিষয়ে কারা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অতিরিক্ত সংখ্যক কর্মকর্তা-কর্মচারীর পদসৃষ্টি ও কমিটি কর্তৃক নিয়োগ বিধি দ্রুত চূড়ান্ত করা;<br>• এ নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর সাথে আন্ত:মন্ত্রণালয় সভা আহবান বিষয়ে সচিবের স্বাক্ষরে আধা সরকারি পত্র প্রেরণ করা;<br>• এ নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কেও যুক্ত করা;<br>• কারাগারকে শোধনাগারে পরিবর্তন করার লক্ষ্যে আরও বৃত্তিমূলক কাজের ব্যবস্থা করা, এ জন্য প্রয়োজনীয় বাজেট সংস্থানেরও ব্যবস্থা করা;<br>• The Prisons' Act কারাবিধিসহ অন্যান্য আইন/বিধি দ্রুত চূড়ান্ত করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৮ : বন্দিদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে। | • বন্দিদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উৎপাদন মুখি বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা;<br>• ক্ষুদ্র, কুটির ও মাঝারী শিল্পের প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ করা;<br>• এ লক্ষ্যে পৃথক প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপ নকরার উদ্যোগ গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি-৯ : কারাগারে নিরাপত্তামূলক ব্যবস্থা অত্যাধুনিকরণ করা হবে | • কারাগারের নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণে প্রকল্পের ডিপিপি প্রণয়ন দ্রুত চূড়ান্ত করা;<br>• পর্যায়ক্রমে অপরাপর বিভাগীয় শহরের কারাগারগুলোতে নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণে প্রকল্প গ্রহণ করা;<br>• ৫টি বিভাগে গৃহীত প্রকল্পের ডিপিপি দ্রুত চূড়ান্ত করা;<br>• চলমান প্রকল্পের যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১০ : কারা কর্মকর্তা/ কর্মচারীদের বিভিন্ন ধরনের সমস্যা দূরীকরণে মর্যাদার সামঞ্জস্য খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করা হবে। | • কারা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধিমালাসংশোধনেরকাজদ্রুতসম্পন্নকরা;<br>• ফায়ারসার্ভিস ও অন্যান্য অধিদপ্তরের কর্মকর্তার মর্যাদার সাথে সামঞ্জস্য রেখে কারাকর্মকর্তা/কর্মচারীদের মর্যাদা নির্ধারণ করা, এ বিষয়ে কারা অধিদপ্তর থেকে প্রতিনিধি হিসেবে কর্ণেল ইকবাল হাসান, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে জনাব দেলোয়ার হোসেন, পরিচালক (প্রশাসন) কর্তৃক প্রয়োজনীয় প্রস্তাব প্রণয়ন করা এবং যৌক্তিকতা উল্লেখপূর্বক এ বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| ২.৩ | কারা অধিদপ্তর (নির্দেশনা- ০৪টি) | নির্দেশনা-১: বিভিন্ন মামলায় মৃত্যুদন্ড প্রদত্ত আদেশগুলো দ্রুত কার্যকর করতে উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে আলাদা সেলগঠন এবং আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করা। | • বিভিন্ন আদালতে মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত আসামির বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এর স্বাক্ষরে আধাসরকারি পত্র প্রেরণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(কারা)/সিনিয়রসহকারীসচিব(প্রশাসন-১) |
| | | নির্দেশনা-২ : কেরানীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় শীঘ্রই নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | • কেরানীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় বাস্তবায়ন যথাসময়ে শুরু করার লক্ষ্যে সকল উদ্যোগ গ্রহণ করা। পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পূণর্গঠন করা, | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নিদের্শনা-৩ : কারাবন্দিদের মধ্যে জঙ্গী সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা । | • জঙ্গী সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক নিয়মিত প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখা;<br>• প্রতি মাসে কয়টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে প্রশিক্ষনার্থীসহ তার পরিসংখ্যান ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৪ : কারাবন্দিদের সাথে সপ্তাহে ০১ দিন পরিবারের সাথে মোবাইলে কথা বলা।<br>আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রি সভা কমিটির ১৬তম সভার সিদ্ধান্ত অনুযায়ী | • ১ম পর্যায়ে কেন্দ্রীয় কারাগার হতে কারাবন্দিদের সাথে সপ্তাহে ০১ দিন পরিবারের সাথে মোবাইলে কথা বলার নির্দেশনা বাস্তবায়ন কার্যক্রম আরম্ভ করা;<br>• সর্বশেষ আইন শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত দ্রুততম সময়ে বাস্তবায়ন করা;<br>• "কারাগারে টেলিফোন স্থাপন" এর সাথে সম্পৃক্ত কল | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগপ্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কারাবন্দি ও তাদের আত্মীয়-স্বজনের সাথে টেলিফোনে কথা বলার সুযোগ প্রদানের লক্ষ্যে কারাগারে বন্দিদের জন্য মোবাইল ফোন বুথ স্থাপনের জন্য পাইলট প্রজেক্ট হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের অর্থায়নে টাঙ্গাইল জেলা কারাগারে মোবাইল ফোন বুথ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। ২৮-৩-১৮ তারিখে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। | ম্যানেজমেন্ট এবং এ সংক্রান্ত সফটওয়্যার নির্মাণ ও কর্মপদ্ধতি প্রণয়ন দ্রুত সম্পন্ন করা;<br>• সফটওয়ার ডেভেলমেন্টের জন্য সংশোধিত বাজেটে "কারাগারে টেলিফোন বুথ স্থাপন" সংক্রান্তে অর্থ বরাদ্দের জন্য বাজেটে প্রস্তাব রাখা। | |
| ২.৪ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (প্রতিশ্রুতি-০৭টি ) | প্রতিশ্রুতি-১: মেহেরপুর জেলার মুজিবনগর ও গাংনী উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন। | • মুজিবনগর ও গাংনী উপজেলায় অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-২: সিরাজগঞ্জ জেলার চৌহালী, তাড়াশ ও কামারখন্দ উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র। | • চৌহালী উপজেলার প্রস্তাবিত ভূমির অধিগ্রহণ শেষে দ্রুত দখল বুঝে নেয়ার লক্ষ্যে, ভূমি মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় এবং জেলা প্রশাসকের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৩: ত্রিশাল, গৌরিপুর ও নান্দাইল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন। | • গৌরিপুর উপজেলার ফায়ার স্টেশনের জন্য কারাগারের প্রস্তাবিত ভূমি বুঝে নেয়ার জন্য ভূমি মন্ত্রণালয়ের সাথে ব্যক্তিগত ও পত্র যোগাযোগ অব্যাহত রাখা;<br>• নান্দাইল উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে চালু করার ব্যবস্থা করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৪: সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র নির্মাণ।<br>দিরাই, দক্ষিণ সুনামগঞ্জ, জামালগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের পূর্তকাজ ১০০% সম্পন্ন হয়েছে। স্টেশন ০৩টি বর্তমানে চালুর অপেক্ষায় আছে।<br>শাল্লা এবং ধর্মপাশা উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের লক্ষ্যে পূর্তকাজ যথাক্রমে ৮০ % ও ১০% সম্পন্ন হয়েছে। | • জেলা প্রশাসক, সুনামগঞ্জের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ফায়ার সার্ভিস স্টেশন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পন্ন করা।<br>• দিরাই, দক্ষিণ সুনামগঞ্জ, জামালগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ০৩টি দ্রুত চালুর ব্যবস্থা গ্রহণ করা।<br>• শাল্লা এবং ধর্মপাশা উপজেলার পূর্তকাজ দ্রুত সম্পন্ন করা, | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | প্রতিশ্রুতি-৫ : বরগুনা জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সেসব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন।<br>বামনা উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের লক্ষ্যে পূর্তকাজ ১০০% সম্পন্ন হয়েছে। স্টেশনটি চালুর অপেক্ষায় আছে।<br>বেতাগী উপজেলায় ফায়ার স্টেশনের পূর্তকাজ ৮৫% সম্পন্ন হয়েছে | • বেতাগী উপজেলার ফায়ার স্টেশনের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করা;<br>• অধিগ্রহণ সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করে জমির দখল বুঝে নেয়ার জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ অব্যাহত রাখা;<br>• দ্রুততম সময়ে প্রকল্প বাস্তবায়ন কাজ সম্পন্ন করা।<br>• বামনা উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন দ্রুত চালু করার ব্যবস্থা করা,<br>• বেতাগী উপজেলায় ফায়ার স্টেশনের পূর্তকাজ সম্পন্ন দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৬ : চাঁদপুর জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সে সব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন। মতলব(দক্ষিণ) উপজেলার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এর পূর্তকাজ ১০০% সম্পন্ন হয়েছে। অর্থ মন্ত্রণালয় কর্তৃক জনবল সৃজনের অনুমোদন পাওয়ার পর স্টেশনটি চালু করা হবে। | • জমি অধিগ্রহণ/বন্দোবস্ত গ্রহণের আনুষ্ঠানিকতা দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা;<br>• ডিপিপি সংশোধনপূর্বক জমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;<br>• চাঁদপুর জেলার মতলব(দক্ষিণ) উপজেলার ফায়ার সার্ভিস স্টেশনটি দ্রুত চালু করার ব্যবস্থা করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৭: কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট, রৌমারী ও রাজীবপুর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন প্রসঙ্গে। | • রৌমারী উপজেলার ফায়ার স্টেশনটি চালু করার সকল কার্যক্রম দ্রুত শেষ করা;<br>• কুড়িগ্রাম জেলার রাজীবপুর উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে পূর্ত কাজের জন্য পুনঃ দরপত্র গ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;<br>• ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট উপজেলার প্রস্তাবিত ভূমির দখল বুঝে নেয়ার জন্য জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা;<br>• নতুনভাবে চিহ্নিত জমির অধিগ্রহণ সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৫ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (নির্দেশনা-০১টি) | নির্দেশনা-১ : নানা রকম দুর্ঘটনা, ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | • মর্ডানাইজেশন অব ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স প্রকল্পে প্রয়োজনীয় আরো সরঞ্জাম সংগ্রহের অনুমোদিত আদেশের প্রেক্ষাপটে পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান /উপপ্রধান (পরিকল্পনা কোষ) |
| ২.৬ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (নির্দেশনা-০৫টি) | নির্দেশনা-১ : সোনাপাচার/মাদক/অস্ত্র/ শিশু ও মানবপাচার এর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখা।<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস কর্তৃক মে/২০১৮ মাসে ৩০টি ধর্মীয় প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালিত হয়েছে।<br>মে/২০১৮ মাসে ২০৩টি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী আলোচনা সভা এবং ১২৫টি মাদকবিরোধী সভা/সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উল্লেখযোগ্য ও জনগুরুত্বপূর্ণ ৫৮টি স্থানে মাদকবিরোধী ফিলার প্রদর্শন করা হয়েছে।<br><br>ফেব্রুয়ারি/১৮ হতে মে, ২০১৮ সময়ের মধ্যে পরিচালিত অভিযানের পরিসংখ্যান নিম্নরূপ:<br>মাসের নাম — অভিযান সংখ্যা<br>মার্চ, ১৮ — ৩৯০৩<br>এপ্রিল, ১৮ — ৩৫৪৫<br>মে, ১৮ — ৩৯৭১<br>মোট = ১৫১৭১ | • ইসলামিক ফাউন্ডেশন এর সহযোগিতায় ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে মাদকের বিরুদ্ধে প্রচার অব্যাহত রাখা, ইমামগণ কর্তৃক শুক্রবার দিন জুমার নামাজের খুতবার আগে মাদকের বিরুদ্ধে সচেতনামূলক বক্তব্য প্রদান করা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক তা নিশ্চিত করা;<br>• মাদক বিরোধী বিভিন্ন সভা-সমাবেশ, র‍্যালি, ক্যাম্পেইন ইত্যাদিতে সকল প্রকার শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা;<br>• সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের অংশগ্রহণের মাধমে জেলা এবং বিভাগীয় পর্যায়ে বড় ধরনের সমাবেশের আয়োজন করা এবং উক্ত সমাবেশে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও সচিব, সুরক্ষা সেবা বিভাগসহ উর্দ্ধতন কর্মকর্তাগণকে অংশগ্রহণের জন্য আহবান করা;<br>• মাদকের বিরুদ্ধে টাস্কফোর্সের অভিযান পরিচালনা অব্যাহত রাখা;<br>• মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা বিষয়ে গত ৩(তিন) মাসের পরিচালিত অভিযানের সাথে বিবেচ্য মাসের অভিযানের তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক অতিরিক্ত সচিব(মাদক) কর্তৃক সভায় উপস্থাপন করা;<br>• সিসাবারসমূহে টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখা এবং দৃশ্যমান অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• মাদকবিরোধী স্কুল কমিটি কিভাবে কাজ করছে এবং কিভাবে কমিটিগুলোকে কার্যকর করা যায় তার উদ্যোগ গ্রহণ করে সংখ্যাভিত্তিক তথ্য উপস্থাপন করা;<br>• উদ্বুদ্ধকরণ কর্মসূচিসমূহ ওয়েবসাইটে আপলোড করা;<br>• প্রয়োজনীয় ইকুইপম্যান্ট সংগ্রহের জন্য দ্রুত ডিপিপি প্রণয়ন করা;<br>• প্রশিক্ষণ একাডেমি ও নিরাময় কেন্দ্র স্থাপনের প্রকল্প দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা;<br>• দায়েরকৃত মামলাসমূহ যথাযথভাবে তদারকী করা;<br>• মামলার তারিখে সাক্ষী হাজির করা হচ্ছে কিনা-তা নজরদারী অব্যাহত রাখা;<br>• জব্দকৃত মালামাল সঠিকভাবে রাখা হচ্ছে কিনা, তা মনিটর অব্যাহত রাখা;<br>• সরকারের বিপক্ষে রায় হওয়া মামলাসমূহের মধ্যে দৈবচয়ন পদ্ধতিতে মামলার হেরে যাওয়ার কারণ অনুসন্ধান করে করণীয় ঠিক করা এবং মন্ত্রণালয়কে অবহিত করা;<br>• স্থানীয় প্রশাসন ও পুলিশ, র‍্যাব, বিজিবির সমন্বয়ে মাদকপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা অব্যাহত রাখা;<br>• মাদকের ভয়াবহ ক্ষতিকর দিক সম্পর্কে ব্যাপক | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | গণসচেতনতা সৃষ্টির জন্য জেলাভিত্তিক, অঞ্চলভিত্তিক বড় সমাবেশের মত কর্মসূচি গ্রহণ অব্যাহত রাখা। | |
| | | নির্দেশনা-২ : স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণের দাবীকৃত রেশন ও ভাতার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। | • সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৩: এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে যাতে মাদক দ্রব্যের বিস্তার না ঘটে সেজন্য এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে যথাযথ নজরদারির আওতায় আনা। | • এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা;<br>• প্রতিমাসে কয়টি এনজিও পরিচালিত নিরাময় কেন্দ্র পরিদর্শন করা হয়েছে তার তথ্য ছকে উল্লেখপূর্বক মাসিক সভায় উপস্থাপন করা;<br>• নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার জন্য বেসরকারী উদ্যোক্তাদের-কে উৎসাহ প্রদান অব্যাহত রাখা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/অনুবিভাগ প্রধান(সকল )। |
| | | নির্দেশনা-৪ : ডিসি-ডিএম সভার অনুরূপ মায়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে উভয় পক্ষ্যের তৃণমূল পর্যায়ের প্রতিনিধিদের আলোচনা শুরুর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | • মায়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে ডিসি-ডিএম সভা অনুষ্ঠানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগপ্রধান। |
| ২.৭ | | নির্দেশনা-৫ : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ যুগোপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। | • মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮দ্রুত চূড়ান্ত করা । | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।